



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৪

তারিখ : $\frac{১০ \text{ ভাদ্র, } ১৪১৮}{২৫ \text{ আগষ্ট, } ২০১১}$

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

সরকারী ছুটির দিন বন্দরস্থ বৈদেশিক মুদ্রা লেনদেনকারী
(এডি) শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত ০৭-১২-২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক দেশের বৈদেশিক বাণিজ্য লেনদেনের সুবিধার্থে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা শুক্র ও শনিবার খোলা থাকে। এছাড়া দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখতে পারে।

উল্লেখ্য যে, আগামী ৩০, ৩১ আগষ্ট/২০১১ ও ০১ সেপ্টেম্বর/২০১১ ঈদ-উল-ফিতর উপলক্ষে সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে। উক্ত ছুটির পূর্বে এবং পরে সরকারী ও সাপ্তাহিক ছুটি থাকায় বৈদেশিক বাণিজ্য লেনদেনে বিঘ্ন সৃষ্টি হতে পারে। এমতাবস্থায়, বাণিজ্যিক ব্যাংকগুলোর বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বৈদেশিক বাণিজ্য লেনদেনকারী (এডি) শাখাগুলো ৩০ আগষ্ট/২০১১ খোলা থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(সুলতান আহাম্মদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬